

তারিখ... 25 APR 2003  
পৃষ্ঠা... ১৭

### পাঠ্যপুস্তকে বিকৃত ইতিহাস অন্তর্ভুক্তির প্রতিবাদে ছাত্রলীগের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাঠ্যপুস্তকে বিকৃত ইতিহাস অন্তর্ভুক্তির প্রতিবাদে ছাত্রলীগ গতকাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের কাছে স্মারকলিপি দিয়েছে।

গতকাল ১১টার ছাত্রলীগের নেতাকর্মীরা শিক্ষাবোর্ড ঘেরাও ও স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে সংগঠন কার্যালয়ের সামনে গেজেট বিজ্ঞপ্তি মিছিল নিয়ে বের হলে পুলিশ বাধা দেয়। পরে পুলিশের ব্যারিকেডের মধ্যে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা পাঠ্যপুস্তকে মনগড়া, বিকৃত ইতিহাস অন্তর্ভুক্তকরণের প্রতিবাদ জানিয়ে বলেন, বিএনপি-জামাত জোট সরকার নতুন প্রকল্পকে বিস্তার করার জন্য যে ছড়ামুছড় শুরু করেছে বাংলার ছাত্র সমাজ তা প্রতিহত করবে।

ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, হেমায়েত উদ্দিন হিমু, ইসহাক মিয়া, এস আর পলাশ, গোলাম সারোয়ার, কবির, কামরুল হাসান বিতান প্রমুখ।

পরে ছাত্রলীগের সহসভাপতি বলরাম পোদ্দার ডাঃরাফুল আজম রুবনসহ একটি প্রতিনিধিদল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে গিয়ে বোর্ডের জারখাত চেয়ারম্যানের কাছে স্মারকলিপি প্রদান করে।

এদিকে এক যুক্ত বিবৃতিতে ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু জামায়াতের বিশ্ববিদ্যালয়ে নববর্ষের অনুষ্ঠানে ছাত্রদের সন্ত্রাসীদের হামলার উত্তর নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।